United States Census 2010
মার্কিন যুক্তরাষ্ট্রের সেন্সাস
এটি আমাদের দায়িত্ব

মার্কিন যুক্তরাষ্ট্রের সেন্সাস ব্যুরো
দেশের প্রতিটি বাসিন্দার উদ্দেশ্যে
এই বার্তা প্রচার করছে ঃ

# “2010 এর লোকগণনায় শামিল হোন।”



## লোকগণনা ঃ এক নজরে

- **কী ঃ** লোকগণনা হল মার্কিন যুক্তরাষ্ট্রে বসবাসকারী প্রত্যেক ব্যক্তির গণনার কাজ।
- **কে ঃ** মার্কিন যুক্তরাষ্ট্রের সব অধিবাসীকে অবশ্যই গণনার অন্তর্ভুক্ত করতে হবে - সব জাতি এবং জনগোষ্ঠীর মানুষ, নাগরিক এবং যাঁরা নাগরিক নন এমন সকলেই এর অন্তর্ভুক্ত হবেন।
- **কখন ঃ** লোকগণনা দিবস অর্থাৎ সেন্সাস ডে হল 1 লা এপ্রিল, 2010। প্রশ্নাবলীতে দেওয়া উত্তর এই নির্দিষ্ট দিনে পরিবারের পরিস্থিতির প্রতিনিধিত্ব করবে। **অ্যামেরিকান কমিউনিটি সার্ভে'র** মাধ্যমে জনসংখ্যার শতকরা হিসেবে একটি ক্ষুদ্র অংশের কাছ থেকে আরও বিস্তারিত আর্থসামাজিক তথ্য বার্ষিক ভিত্তিতে সংগ্রহ করা হবে।
- **কেন ঃ** মার্কিন যুক্তরাষ্ট্রের সংবিধান অনুসারে প্রতি 10 বছর অন্তর জাতীয় লোকগণনার প্রয়োজন আছে। লোকগণনায় স্টেট এর লোকসংখ্যা জানা যাবে এবং তার ভিত্তিতে মার্কিন যুক্তরাষ্ট্রের হাউজ্ অব রিপ্রেজেনটেটিভ-এ প্রতিনিধিত্বের হার নির্ধারণ করা হবে।
- **কীভাবে ঃ** লোকগণনার প্রশ্নাবলী প্রতিটি পরিবারের কাছে মার্কিন যুক্তরাষ্ট্রের ডাক পরিষেবা কর্তৃক মার্চ, 2010 এর মধ্যে ডাক মারফত অথবা হাতে-হাতে পাঠানো হবে; অনেক পরিবারের কাছে এপ্রিলের গোড়ায় একটি বিকল্প প্রশ্নাবলী পাঠানো হবে। যেসব পরিবারের কাছ থেকে সম্পূর্ণ করা প্রশ্নাবলী ফেরত পাওয়া যাবে না, লোকগণনা প্রতিনিধিরা সেই সব পরিবারের সঙ্গে সাক্ষাৎ করতে যাবেন।

## একটি সম্পূর্ণ গণনা ঃ লোকগণনায় প্রাপ্ত তথ্যের গুরুত্ব

- প্রতি বছর, আংশিকভাবে, লোকগণনায় প্রাপ্ত তথ্যের ওপর ভিত্তি করে ফেডারেল সরকার $400 বিলিয়ন এরও বেশি পরিমাণ অর্থ স্টেট এবং কমিউনিটির মধ্যে বন্টন করতে পারে।
- লোকগণনায় প্রাপ্ত তথ্য কোথায় নতুন রাস্তা, হাসপাতাল, শিশু-পরিচর্যা এবং বরিষ্ঠ নাগরিকদের কেন্দ্র, স্কুল এবং অন্যান্য সুযোগ-সুবিধার ব্যবস্থা করতে হবে সে সম্পর্কে স্থানীয় সিদ্ধান্ত গ্রহণকারীদের নির্দেশিকা হিসেবে কাজ করে।
- ব্যবসায়িক প্রতিষ্ঠানগুলি লোকগণনা থেকে প্রাপ্ত তথ্য ব্যবহার করে সুপারমার্কেট, নতুন আবাসন এবং অন্যান্য সুযোগ-সুবিধার অবস্থান নির্ণয় করে।
- মার্কিন যুক্তরাষ্ট্রের হাউজ্ অব রিপ্রেজেনটেটিভ-এ প্রতিটি স্টেট এর জন্য কতগুলি আসন থাকবে তাও লোকগণনায় প্রাপ্ত তথ্যের ভিত্তিতে নির্ধারিত হয়।

## 2010 লোকগণনার প্রশ্নাবলী ঃ দ্রুত, সহজ এবং গোপনীয়

- মাত্র 10 টি প্রশ্ন সংবলিত 2010 এর লোকগণনার প্রশ্নাবলীটি যুক্তরাষ্ট্রের ইতিহাসে সবচেয়ে ছোট প্রশ্নাবলীগুলির মধ্যে একটি এবং এটি সম্পূর্ণ করতে মাত্র 10 মিনিট সময় লাগে।
- আইনানুসারে সেন্সাস ব্যুরো কোনো ব্যক্তি প্রদত্ত লোকগণনার প্রশ্নের উত্তরগুলি অন্য কারো সঙ্গে আদানপ্রদান করতে পারে না এমন কি ফেডারেল এজেন্সি এবং আইন বলবৎকারী সংস্থাগুলিও এর অন্তর্ভুক্ত।

## 2010 এর লোকগণনাটি গুরুত্বপূর্ণ।

এই তথ্যের ভিত্তিতে অতি প্রয়োজনীয় কমিউনিটি পরিষেবার জন্য বার্ষিক $400 বিলিয়ন এরও বেশি পরিমাণ সরকারি তহবিলের বন্টন কীভাবে হবে সে বিষয়ে সিদ্ধান্ত নেওয়া হবে। আর এর মাধ্যমে কংগ্রেস-এ আপনার মতামতের গুরুত্ব অনুভূত হয়।

## আপনি পরিবর্তন আনতে পারেন।

কোনো প্রভাবশালী কমিউনিটি, ব্যবসা অথবা প্রতিষ্ঠানের একজন নেতা হিসেবে আপনি এই ঐতিহাসিক কর্মসূচিটি সম্পর্কে সচেতনতা বৃদ্ধি করতে পারেন এবং এতে অংশগ্রহণে উৎসাহিত করতে পারেন। আপনার সাহায্য নিয়ে সেন্সাস ব্যুরো নিখুঁত তথ্য সংগ্রহের কাজ চালু রাখবে যা আপনার কমিউনিটির জীবনকে সরাসরি প্রভাবিত করবে।

2010 CENSUS
এটি আমাদের দায়িত্ব

United States Census 2010
মার্কিন যুক্তরাষ্ট্রের সেন্সাস
এটি আমাদের দায়িত্ব



## 2010 লোকগণনার অংশীদার হোন

**আপনি অংশীদার হলে তা লোকগণনার গুরুত্ব এবং গণনায় অন্তর্ভুক্ত হওয়ার সুবিধা সম্পর্কে জনগোষ্ঠীর কাছে একটি জোরালো বার্তা পৌঁছে দেবে।** সেন্সাস ব্যুরো'র অংশীদার হওয়ার মাধ্যমে আপনি যেসব কাজে সাহায্য করতে পারেন, তা হল ঃ

- লোকগণনার তথ্য যাতে নিখুঁত হয় তা সুনিশ্চিত করতে পারেন কারণ এই তথ্যই আপনার গোষ্ঠীর জন্য প্রদত্ত তহবিল বিষয়ক সিদ্ধান্তের ক্ষেত্রে নির্দেশিকা হিসেবে কাজ করবে এবং কংগ্রেস-এ আপনার প্রতিনিধিত্বকে প্রভাবিত করবে।
- নিজের জনগোষ্ঠীতে লোকগণনার সাময়িক কাজে অংশগ্রহণের সুযোগের খবর প্রচার করতে পারে।
- মানুষকে এটা জানিয়ে আশ্বস্ত করতে পারেন যে লোকগণনার প্রশ্নাবলীর উত্তর দেওয়া গুরুত্বপূর্ণ এবং নিরাপদ।

## আপনার কমিউনিটি এবং দেশের জন্য পদক্ষেপ গ্রহণ করুন

আপনার জনগোষ্ঠীর সদস্যদের লোকগণনায় অংশ নিতে উৎসাহ দেওয়ার মাধ্যমে অংশীদার হিসেবে আপনি 2010 এর লোকগণনাকে সাফল্যমন্ডিত করে তুলতে একটি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবেন। আপনি যা করতে পারেন ঃ

- আপনার সমকক্ষদের কমপ্লিট কাউন্ট কমিটি'র (CCC) কাজে যোগ দিতে উৎসাহিত করতে পারেন। এটি হল আপনার এলাকায় অন্যান্য প্রভাবশালী নেতাদের একটি সংগঠিত গ্রুপ যাঁরা লোকগণনায় অংশগ্রহণ বৃদ্ধির কাজে অঙ্গীকারবদ্ধ।
- 2010 এর লোকগণনার ঘোষিত বিজ্ঞপ্তি অথবা লোকগণনার সমর্থনে জনসাধারণের উদ্দেশ্যে প্রচারিত অন্যান্য নোটিশ জারি করতে পারেন।
- সংবাদ-সংকলন অর্থাৎ নিউজ্‌লেটার, ডাক মারফত এবং অনলাইন-এ লোকগণনা সম্পর্কিত তথ্য অন্তর্ভুক্ত করতে পারেন।
- লোকগণনায় অংশগ্রহণে উৎসাহ দেওয়ার জন্য সভা এবং অন্যান্য অনুষ্ঠান পরিচালনা করতে পারেন।
- লোকগণনার কর্মীনিয়োগে সাহায্য করতে পারেন।
- গণনায় যুক্ত হোন সাইট অর্থাৎ বি কাউন্টেড সাইট এবং প্রশ্নাবলী সম্পর্কিত সহায়তা কেন্দ্র অর্থাৎ কোয়েশ্চেনেয়ার অ্যাসিসটেন্স সেন্টার এর জন্য লোকগণনার কর্মীদের পরীক্ষা এবং প্রশিক্ষণের লক্ষ্যে স্থানের ব্যবস্থা করতে পারেন।

## 2010 লোকগণনার সময়সূচি ঃ গুরুত্বপূর্ণ তারিখ

| | |
|---|---|
| **হেমন্ত 2008** | লোকগণনা সম্পর্কিত প্রারম্ভিক কাজের জন্য স্থানীয় কাজকর্ম সম্পন্ন করার লক্ষ্যে কর্মীনিয়োগের সূচনা। |
| **বসন্ত 2009** | সারা দেশের ঠিকানার তালিকায় সাম্প্রতিকতম তথ্য সংযোজনের জন্য লোকগণনার কর্মীরা প্রতিটি গৃহে যাবেন। |
| **হেমন্ত 2009** | কাজের চাপ যে সময় সবচেয়ে বেশি সেই সময় লোকগণনার কাজে সহায়তার জন্য প্রতিনিধি নিয়োগের সূচনা। |
| **ফেব্রুয়ারি - মার্চ 2010** | লোকগণনার প্রশ্নাবলী প্রতিটি পরিবারের উদ্দেশে ডাকযোগে অথবা হাতে-হাতে প্রেরণ। |
| **এপ্রিল 1, 2010** | লোকগণনা দিবস অর্থাৎ সেন্সাস ডে |
| **মে - জুলাই 2010** | লোকগণনার কর্মীরা সেই সব পরিবারের সঙ্গে বাড়ি গিয়ে সাক্ষাৎ করবেন যাঁরা ডাক মারফত তাঁদের প্রশ্নাবলী ফেরত পাঠান নি। |
| **ডিসেম্বর 2010** | আইন অনুযায়ী সেন্সাস ব্যুরো রাষ্ট্রপতির কাছে বিলিবন্টন নির্ধারণের জন্য লোকগণনার হিসাব পাঠাবে। |
| **মার্চ 2011** | আইনের শর্ত অনুসারে সেন্সাস ব্যুরো স্টেটগুলির কাছে আঞ্চলিক বিভাজন নবীকরণের জন্য প্রয়োজনীয় তথ্য প্রেরণের কাজ সম্পূর্ণ করবে। |

2010 CENSUS
এটি আমাদের দায়িত্ব

সম্পূর্ণ এবং নিখুঁত গণনার সুযোগ

**আমাদের দায়িত্ব**

**2010 এর লোকগণনা সম্পর্কে আরও তথ্যের জন্য 2010census.gov ওয়েবসাইট-এ যান।**

Issued August 2009
Form D-3234 (B)

U.S. Department of Commerce
Economics and Statistics Administration
U.S. CENSUS BUREAU